# স্ব -সাহায্যকারী দল [১]

## ‘স্ব -সাহায্যকারী দলগুলি’ হলো ...

“...কাজ শুরু করার একটি পথ যা সামাজিক যোগাযোগ গঠনে সাহায্য করে যা লোকেদের জীবিকা নির্বাহনের উদ্দেশ্যে উপযোগী ”

“...লোকেদের কোন বিষয়ে রাজী করতে এবং ঐক্যবদ্ধ হয়ে কথা বলতে সাহায্য করে, নীতি তৈরীতে লোকেদের বক্তব্যকে আরো শক্তিশালী করে এবং অপরপhAর Aমতাশীল লোকেদের সাথে আলোচনায় সাহায্য প্রদান করে”

“ পশ্চিম বাংলার গ্রাম্য অঞ্চলে মাছচাষে স্ব -সাহায্যকারী দল সফলm তাদের কাছে সঞ্চয়ের পরিমান সবচেয়ে বেশী এবং তারফলে তারা আরো বেশী ঋন পাবার জন্য আবেদন করেছে”– অজিত ব্যানার্জী , ব্যাঙ্কের শাখা প্রবন্ধক , লুধুরকা, পুরুলিয়া, পশ্চিম বাংলা, ভারতবর্ষ

“আমার গ্রাম শহর থেকে ৩০ কিঃমিঃ দূরেm আগে কোন জায়গা ছিল না যেখানে গেলে সাহায্য পাওয়া যেত কিন্তু স্ব -সাহায্যকারী দল তৈরী হবার পরে লোকেদের মধ্যে সাহায্য চাইবার এবং পাবার জন্য শক্তি এবং আত্মবিশ্বাস তৈরী হয়েছে”–কুদ্দুস আনসারী, জানকার (স্ব -সাহায্যকারী দলের নেতা),কাইপাড়া, পশ্চিম বাংলা,

“...স্থানীয় কাজকর্মের প্রভাবশীলতা বাড়ানোর একটি পথ”

“... লঘু ঋন এবং অনান্য সম্পদ ও সেবার সুযোগ পাওয়াকে সহজতর করে”

স্ব -সাহায্যকারী দল সামাজিক সম্পদ গঠনের সত্যিকিরের একটি পথm ইহার অনান্য কাজের মধ্যে আছে:



সেবা প্রদানকারী এবং গ্রহনকারীর মধ্যে যোগাযোগ এবং সম্পর্ক গঠন করে যা তাদের একসাথে কাজ করার সুযোগকে বৃদ্ধি করে অথবা একইরকম মানসিকতার লোকজনের মধ্যে যোগাযোগের সূত্র দৃঢ় করে, এবং বড় সংস্থার সাথে তাদের জড়িত হবার সুযোগকে বৃদ্ধি করেm



সংগঠিত দলের সদস্য হতে সাহায্য করে যাতে অন্তর্ভূক্ত থাকে সবার দ্বারা স্বীকৃত ও গৃহীত হওয়া নিয়ম এবং কাজ করার পদ্ধতি এবং লোকেরা যদি নিয়ম অনুসরন না করে তাহলে কি করা যাবে তাও স্বীকৃত থাকেm



বিশ্বস্তার সম্পর্ক গঠন করে (যাকে দেওয়া নেওয়ার সম্পর্ক বলা হয়),তথ্যের আদান প্রদান করে, একসাথে কাজ করতে সাহায্য করে, সহযোগিতার সাথে মিলেমিশে কাজের ফলে সবার উপরেই কাজের বোঝা কম পড়ে এবং লোকেদের মধ্যে এক সুরAaর মনোভাব তৈরী করে (একে অপরের সহযোগিতা করা)m ইহা লোকেদের মধ্যে এবং দলের মধ্যেও একে অপরকে সহযোগিতার মনোভাব তৈরী করে এবং তার ফলে স্ব -সাহায্যকারী দলের ফেডারেশন তৈরী হয়m

সেবা প্রদানাকারীদের সাথে যোগাযোগের hAত্রে স্ব -সাহায্যকারী দলের ভালো ভূমিকা থাকে যেমন প্রসার কর্মী ,অনান্য সরকারী এবং বেসরকারী কর্মী , গ্রামীন ব্যাঙ্ক , জিনিষপত্রের সরবরাহকারী এবং বিক্রয়ের সূত্র m

“স্ব -সাহায্যকারী দল, মাছচাষ এবং সহজ লঘু ঋন একত্রে আসার পরে ভারতের জাবরা গ্রামের গ্রামবাসীদের মধ্যে খাদ্য সুরAa বেড়েছে এবং ঋনগ্রস্ততা কমেছে”–ন্যাচারল রিসোর্সেস সিস্টেম

এক বৃদ্ধা ললিতা মাহাতোর কথায় “এক সময় ছিল যখন আমরা গ্রামের পুরুষ মানুষদের সাথে কথা বলতে সাহস পেতাম না আর অচেনা লোকেদের সাথে কথা বলার কথা চিন্তাও করতে পারতাম না! আজকে, আমরা ব্যাঙ্কে যাই এবং ঋনের কথা জিজ্ঞাসা করি, পঞ্চায়েতকে আমাদের অভিযোগ জানাই এবং সাহসিকতার সাথে সমস্যার মোকাবিলা করিm আমরা খুশী যে লোকে আমাদের কথা শোনে এবং সম্মান দেয়m

## কি ভাবে একটি স্ব -সাহায্যকারী দল তৈরী করা যাবে



[1] সামাজিক সম্পদ গঠন করে, কিছু একটা যা লোকেরা তাদের দারিদ্রতা কম করার জন্য ব্যবহার করতে করতে পারে



### শুরু করা

**১. দেখ যদি একটি দল ইতিমধ্যেই গঠন করা আছে কি না**

যদি একটি দল ইতিমধ্যেই গঠন করা আছে তাহলে সেই দল পরিদর্শন করা যাবে কি না তা জিজ্ঞাসা করো m যদি তুমি যা খুঁজছিলে তা সেই দলে পেয়ে যাও তাহলে তোমাকে আর নিজের দল গঠন করতে হবে নাm আর যদি না পাও তাহলে ওদের ওখান থেকে দেখে কিছু শিখে নিতে পারো m

**২. অন্যদের সাথে কাজ করো এবং সাহায্য চাও**

এমন একটি দল তৈরী করো যেখানে প্রত্যেকের কিছু মালিকানা আছেm এমন এক ব্যক্তির সাথে যোগাযোগের চেষ্টা করো যিনি একটি দল গঠন করেছেনm যখন দলে নতুন কেউ যোগ দিচ্ছে তখন তাকে বুঝিয়ে দেও যে সকল সদস্যদের কাছ থেকে দলের জন্য চাঁদা সংগ্রহ করা হয়m পেশাগত লোকেদের কাছ থেকে সাহায্য নাও যারা তোমাদের চাহিদা বুঝবে এবং তোমাদের কাজে সাহায্য করতে ইচ্ছুক হবেm বিভিন্ন প্রকল্প , ব্যাঙ্ক , বেসরকারী সংস্থা , প্রসার কর্মীরা বিভিন্ন ভাবে সাহায্যকারী হয় যেমন মিটিং এর জায়গা দেওয়া থেকে শুরু করে প্রয়োজনীয় সম্পদের অবস্থান নির্দেশ করে দেয়m

**৩. ছোট ভাবে শুরু করো**

সমস্যাগুলি দূর করার জন্য ছোট ভাবে কাজ শুরু করো , ভুল হয়, এবং লোকেদের কাছে যাবার আগে ধীরে ধীরে সবকিছু ঠিক হয়ে যায়m ছোট দলের মধ্যে তর্ক -বিতর্কের ফলে বিভাজন অথবা সংখ্যালঘুদের দ্বারা শাষন কম দেখা যায়m একইরকম শিAa-সংস্কৃতির ও একইরকম বিষয়ের উপর কাজ করতে পচ্ছন্দ করা সদস্যরা একে অপরকে বেশী বিশ্বাস করে এবং একে অপরের সাথে মিলেমিশে কাজকর্মের দায়িত্ব স্বীকার করে নেয়m

**৪. দলের একটা নাম ঠিক করো**

দলের একটা নাম সেইসকল লোকেদের নিজেকে দলের অংশ হিসাবে ভাবতে উদ্বুত করে যারা দলের নির্দিষ্ট উদ্দ্য েশ কাজ করে চলেছেm ইহা পরস্পরের মধ্যে বন্ধনের কাজ করেm

**৫. স্বীকৃত বিধিসমূহ তৈরী করো**

বিধিসমূহ হচ্ছে দলের উদ্দ্যেশ এবং নিয়মাবলীর একটি লিখিত সূচী, সদস্যদের থেকে দলের প্রত্যাশা এবং দলের থেকে সদস্যরা কি প্রত্যাশা করে তাও এতে লেখা থাকেm ইহা বিবাদকে এড়াতে সাহায্য করে এবং প্রত্যেককে নিজেদের দায়িত্ব সম্বন্ধে সচেতন করেm

**৬. মিটিং এর জায়গা এবং সময় নির্দিষ্ট করো**

স্ত্রী এবং পুরুষকে (আলাদাভাবে অথবা একসাথে) দলগত ভাবে যোগদান করতে উৎসাহিত করো m স্ত্রী এবং পুরুষদের যোগদানের জন্য সবচেয়ে ভালো জায়গা প্রদান করার চেষ্টা করো এবং তাদের নেতৃত্বের দAতাকে উৎসাহিত করো m যদি তুমি একটি ছোট দল প্রত্যাশা করছো এবং সেইরকম চিন্তাভাবনায় রাজী আছো , তাহলে সদস্যদের বাড়ীতে প্রাথমিক বৈঠক করতে পারো m আর, সবাই যাতে মিটিংএর সময় মনে রাখতে পারে সেইরকম একটি সুবিধাজনক সময়ে মিটিং রাখো , যেমন মাসের প্রথম মঙ্গলবার m







কিছু পরামর্শ ...





# পরিচালনা কমিটি তৈরী করা




## দরকারী যোগাযোগের ঠিকানা

## অনান্য ‘আরো ভালোভাবে কাজ করার নির্দেশিকা ’

এই খন্ডে আরো অনান্য ‘আরো ভালোভাবে কাজ করার নির্দেশিকা ’ আছে :

- তথ্য পাবার সুবিধা পরিমাপ করা
- ঐক্যমত গঠনের প্রক্রিয়া

এই সংখ্যার এবং অনান্য ‘আরো ভালোভাবে কাজ করার নির্দেশিকা ’ সংখ্যার প্রতিলিপি আপনি পাবেন আপনার দেশের ষ্ট্রীমের দেশীয় দপ্তর , ষ্ট্রীমের আঞ্চলিক দপ্তর এবং ষ্ট্রীমের ওয়েবসাইট থেকে m আমরা এই প্রতিবেদন সম্বন্ধে আপনার মতামত জানতে ইচ্ছুক m আপনি আপন্ারদেশের ষ্ট্রীমের দেশীয় দপ্তরে যোগাযোগ কেন্দ্রের প্রবন্ধককে ফোন করে, ই মেল করে অথবা চিঠি লিখে আপনার মতামত জানাতে পারেনm

## আপনার ষ্ট্রীমের দেশীয় দপ্তর

ডুপ্লেক্স : ২, টি.এস. হোমস্ , টঙ্কাপানী রোড , ভূবনেশ্বর – ১৮, উড়িষ্যা
ফোন : ০৬৭৪ ২৩৮১৮৫১
ফ্যাক্স : ০৬৭৪ ২৩৮১৮৫১
ই মেল : rubumukherjee@rediffmail.com

## ষ্ট্রীমের আঞ্চলিক দপ্তর

c/o নাকা
ডিপার্টমেন্ট অফ ফিশারিজ কমপ্লেক্স
ক্যাসাকার্ট বিশ্ববিদ্যালয় পরিষদ
ফাওলাওথিন রোড
ব্যাঙ্কখেন , ব্যাঙ্কক ১০৯০৩
থাইল্যান্ড
ফোন : ৬৬২ ৫৬১ ১৭২৮/২৯
ফ্যাক্স : ৬৬২ ৫৬১ ১৭২৭
ই-মেল: stream@enaca.org

## ষ্ট্রীমের ওয়েবসাইট

www.streaminitiative.org